গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৫) অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
তারিখ : ১২-১১-২০২৫ খ্রি.
সময় : দুপুর ০৩.০০ টা
স্থান : সভাকক্ষ (২য় তলা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট – ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা, পূর্বতন সভার সিদ্ধান্তসমূহের ভিত্তিতে গৃহীত কার্যক্রমের অগ্রগতি ও পরবর্তী কার্যক্রম বিষয়ে পরিকল্পনা তুলে ধরেন। এরপর প্রকল্পের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের উপর সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভূত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী ত্রৈমাসিকের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ২। | বন্যার আগাম সতর্কবার্তা প্রচারকে অন্তর্ভুক্তিমূলক করা | বন্যার আগাম সতর্কবার্তা প্রচার কার্যক্রমকে আরও অন্তর্ভুক্তিমূলক করতে শারীরিক ও মানসিকভাবে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের অন্তর্ভুক্ত করে একটি ইনক্লুসিভ আগাম সতর্কবার্তা প্রচার ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজনীয়তার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে উল্লেখ করা হয় যে, বিভিন্ন জনগোষ্ঠীর প্রয়োজন বিবেচনা করে আগাম সতর্কবার্তা প্রচারে একাধিক মাধ্যম (মাল্টি-চ্যানেল) ব্যবহার করা হচ্ছে। এছাড়াও এক্ষেত্রে ঘূর্ণিঝড় সতর্কবার্তার সাদৃশ্যে পতাকা উত্তোলন পদ্ধতি প্রবর্তন, স্বেচ্ছাসেবকদের সাংকেতিক ভাষার উপর প্রশিক্ষণ প্রদান, সতর্কবার্তা প্রচারে রঙের ব্যবহার ইত্যাদি বিষয়গুলো প্রকল্পের পরবর্তী ফেইজ বা অধিদপ্তরের এ সংক্রান্ত অন্যান্য প্রকল্পে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | ক) বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য আগাম সতর্কবার্তা প্রচার ব্যবস্থায় অন্তর্ভুক্ত করার জন্য সমাজসেবা অধিদপ্তর হতে তাঁদের তথ্য সংগ্রহ করে ভয়েস মেসেজ পোর্টালে যুক্ত করতে হবে।<br><br>খ) স্বেচ্ছাসেবকদের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের নিকট আগাম সতর্কবার্তা পৌঁছে দেওয়ার জন্য স্বেচ্ছাসেবকদেরকে সাংকেতিক ভাষার উপর প্রশিক্ষণ দেয়ার বিষয়টি প্রকল্পের সংস্থান সাপেক্ষে বিবেচনা করতে হবে। | রিজিওনাল কোর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্ম ডেভেলপমেন্ট | বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি বিষয়ক তথ্য অংশীজনদের নিকট সহজে পৌঁছে দেয়ার উদ্দেশ্যে প্রকল্পের অধীনে একটি ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। অতি দ্রুত এ প্ল্যাটফর্মের প্রোটোটাইপ তৈরির বিষয়ে আলোচনা করা হয়। সভায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের প্রতিনিধি র‍্যাপিড পোর্টালকে এ ওয়েব প্ল্যাটফর্মের সাথে ইন্টিগ্রেট করার সুপারিশ করেন। এ প্রেক্ষিতে আইসিটি স্পেশালিস্ট জানান, র‍্যাপিড পোর্টালের ফিচারগুলো এই ওয়েব প্ল্যাটফর্মেও অন্তর্ভূক্ত করা হবে। | আগামী ৩০ নভেম্বরের মধ্যে প্ল্যাটফর্মটির প্রোটোটাইপ প্রস্তুত করে এর উপর মতামত গ্রহণের জন্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট, প্রোগ্রাম ম্যানেজার ও টিম লিডার |
| ৪। | কিয়স্ক ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা | কিয়স্ক ড্যাশবোর্ড ও অ্যাপ্লিকেশন থেকে সার্বক্ষণিক সেবা পেতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা এবং প্রকল্প-পরবর্তী সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের ব্যয় নির্বাহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। প্রকল্পের মেয়াদ শেষে এই ব্যয় অধিদপ্তরের নিয়মিত বাজেট থেকে নির্বাহ করার বিষয়ে আলোচনা হয়। | প্রকল্প-পরবর্তী পর্যায়ে কিয়স্ক ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা ও রক্ষণাবেক্ষণের ব্যয় অধিদপ্তরের নিয়মিত বাজেট থেকে নির্বাহ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প সমন্বয়ক আইসিটি ও উপ-প্রকল্প সমন্বয়ক জিআইএস |
| ৫। | নব-স্থাপিত পানি সমতল গেজসমূহের বিপদসীমা নির্ধারণ | গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার তারাপুর, হরিপুর ও কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় স্থাপিত/পুনঃস্থাপিত পানি সমতল গেজ বন্যা পূর্বাভাস ও পর্যবেক্ষণ ব্যবস্থার অন্তর্গত রয়েছে এবং এগুলো থেকে নিয়মিত তথ্য সংগৃহীত হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। সভায় অবহিত করা হয় যে, বিপদসীমা নির্ধারণ/পুনঃনির্ধারণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবর গত ০৪ নভেম্বর, ২০২৫ পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে বাপাউবো'র সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ৩০ নভেম্বরের মধ্যে বিপদসীমা নির্ধারণ/পুনঃনির্ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৬। | ল্যান্ড গেজ হস্তান্তর | IFAD Supervision Mission এর সুপারিশ অনুযায়ী প্রকল্পের আওতায় স্থাপিত ল্যান্ড গেজগুলো বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের কাছে হস্তান্তরের বিষয়ে সভায় আলোচনা হয়। এ লক্ষ্যে FFWC ও DDM-এর মধ্যে একটি আনুষ্ঠানিক চুক্তি (MoU/Handover Agreement) | প্রকল্প-পরবর্তী সময়ে ল্যান্ড গেজগুলোর ব্যবহার অব্যাহত রাখার স্বার্থে গেজগুলো হস্তান্তরের বিষয়ে আগামী ডিসেম্বর মাসের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জিআইএস স্পেশালিস্ট, প্রোগ্রাম ম্যানেজার ও টিম লিডার |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সম্পাদনের বিষয়টি বিবেচনা করার জন্য এলজিইডি'র পক্ষ থেকে প্রস্তাব রাখা হয়। FFWC'র প্রতিনিধি জানান, বিষয়টি বাপাউবো'র সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করে পরবর্তী করণীয় সম্পর্কে অবহিত করা হবে। | | |
| ৭। | লোকেশন ভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণ | ব্যক্তি পর্যায়ে লোকেশন ভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণের আওতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটর গ্রামীণফোনের সাথে আলোচনার ভিত্তিতে গ্রামীণফোন একটি ট্রায়াল আকাউন্ট সরবরাহ করেছে মর্মে সভায় অবহিত করা হয়। এ ট্রায়াল আকাউন্টের মাধ্যমে প্রকল্প এলাকার কিছু ইউনিয়নে পরীক্ষামূলক ভয়েস মেসেজ প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য আলোচনায় হয়। | প্রকল্প এলাকার বিভিন্ন উপজেলার কিছু ইউনিয়নে পরীক্ষামূলকভাবে ভয়েস বার্তা প্রেরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৮। | স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ | সভায় উপস্থিত স্বেচ্ছাসেবক প্রতিনিধি জানান, তারা স্বেচ্ছাসেবক হিসেবে প্রকল্পের অধীনে প্রশিক্ষণ পেয়েছেন। তবে মক ড্রিল সহ এধরনের আরও প্রশিক্ষণের ব্যবস্থা করা গেলে স্বেচ্ছাসেবকেরা আরও কার্যকরভাবে দায়িত্ব পালন করতে পারবেন। এ প্রসঙ্গে প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের বর্তমান মেয়াদে এধরণের প্রশিক্ষণ পরিচালনার সংস্থান নেই, তবে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে স্বল্প পরিসরে আরও কিছু প্রশিক্ষণের ব্যবস্থা রাখার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে স্বল্প পরিসরে আরও কিছু প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি বিবেচনা করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও উপ-প্রকল্প সমন্বয়ক/ রাইমস |
| ৯। | বিবিধ | FFWC'র প্রতিনিধির পক্ষ থেকে প্রকল্পের আওতায় বন্যার ক্ষেত্রে Impact-based Forecasting (দুর্যোগের ঝুঁকি নির্ণয় ও প্রভাব-ভিত্তিক পূর্বাভাস) তৈরির জন্য পাইলটিং করার বিষয়ে প্রস্তাব রাখা হয়, যাতে স্থানভিত্তিক ঝুঁকি নির্ধারণ ও প্রাথমিক বন্যা প্রস্তুতি কার্যক্রমকে আরও কার্যকর করা সম্ভব হয়। প্রকল্প সমন্বয়ক জানান, প্রকল্পের বর্তমান মেয়াদে এ ধরণের পাইলট কার্যক্রম পরিচালনার পর্যাপ্ত সংস্থান নেই। তবে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ভবিষ্যত প্রকল্পগুলোর জন্য বিষয়টি বিবেচনা করতে পারে।<br>সভাপতি এলজিইডি'র প্রতিনিধিকে প্রভাতী প্রকল্পের অধীনে নির্মিত ফ্লাড শেল্টার গুলোর র‍্যাম্প, সোলার প্যানেল, ইত্যাদি বিষয়ের গুণগত মান বজায় রাখা, একই স্থানে একাধিক বা অতিরিক্ত আশ্রয়কেন্দ্র নির্মাণ না করা ও এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসগুলোকে অবগত করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আগাম সতর্কবার্তা পাওয়ার পর ওয়ার্ড ডিএমসি সদস্যগণ কর্তৃক দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। বন্যার সময় বাঁধ ভাঙা ও লিড টাইম কম হওয়াকে বন্যা মোকাবেলায় বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করে তিনি বলেন, বন্যা ও নদীভাঙন উভয়েরই ব্যাপক অর্থনৈতিক ও সামাজিক প্রভাব রয়েছে। তবে পর্যাপ্ত প্রস্তুতি, পূর্বাভাসভিত্তিক আগাম পদক্ষেপ গ্রহণ, ও | | |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | দুর্যোগের ঝুঁকি মোকাবেলায় বিনিয়োগের মাধ্যমে এ সকল ঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-১১-২৫

**(রেজওয়ানুর রহমান)**
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১৭০

তারিখ: ২৬-১১-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
০৪। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS/RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৬। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। পি এ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

২৬/১১

**(নিতাই চন্দ্র দে সরকার)**
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম)